গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০৩.১৬(৩). ১২৬৫

তারিখঃ ১২ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ "জেলা পরিষদের চেয়ারম্যান, সদস্য ও সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণের ছুটি বিধিমালা, ২০১৭" প্রেরণ সংক্রান্ত।

"জেলা পরিষদের চেয়ারম্যান, সদস্য ও সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণের ছুটি বিধিমালা, ২০১৭" এ সাথে প্রেরণ করা হলো। উল্লেখ্য, উক্ত বিধিমালার ৪(৩) নং বিধি নিম্নরূপ ঃ

"চেয়ারম্যানের ক্ষেত্রে সরকার এবং সদস্য ও মহিলা সদস্যগণের ক্ষেত্রে, চেয়ারম্যানের সুপারিশক্রমে, বিভাগীয় কমিশনার বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করিবেন:
তবে শর্ত থাকে যে, সদস্য ও মহিলা সদস্যগণের ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ একাধারে ৩০ (ত্রিশ) দিনের অধিক হইলে, চেয়ারম্যানের সুপারিশক্রমে, সরকার উক্ত ছুটি মঞ্জুর করিবে।"

২। এমতাবস্থায়, বর্ণিত বিধিমালা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৭/৭/১৭
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

বিভাগীয় কমিশনার
.... বিভাগ।

অনুলিপি ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, ..., জেলা পরিষদ।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ..., জেলা পরিষদ।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

রেজিস্টার্ড নং ডি এ-১

৮

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২০, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ৪ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ/১৮ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১৯৭-আইন/২০১৭।—জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন) এর ধারা ৭৩ এর উপ-ধারা (১), ধারা ৪ এর উপ-ধারা (৩) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা জেলা পরিষদের চেয়ারম্যান, সদস্য ও সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণের ছুটি বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অসাধারণ ছুটি" অর্থ এইরূপ ছুটি যাহার জন্য পারিশ্রমিক প্রদেয় নহে এবং যাহা বিশেষ অবস্থায় বিশেষ ক্ষেত্রে মঞ্জুর করা হয়;

(খ) "আইন" অর্থ জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন);

(গ) "চেয়ারম্যান" অর্থ আইনের ধারা ২(গ) এ সংজ্ঞায়িত চেয়ারম্যান;

(ঘ) "পরিষদ" অর্থ আইনের ধারা ২(ঙ) এ সংজ্ঞায়িত জেলা পরিষদ;

(ঙ) "মহিলা সদস্য" অর্থ আইনের ধারা ২(জ) এ সংজ্ঞায়িত মহিলা সদস্য;

(চ) "সদস্য" অর্থ আইনের ধারা ২(ঝ) এ সংজ্ঞায়িত পরিষদের সদস্য; এবং

(ছ) "সরকার" অর্থ স্থানীয় সরকার বিভাগ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

মূল্য ঃ টাকা ৪.০০

৩। **চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণের সাময়িক অনুপস্থিতি বা কর্মস্থল ত্যাগ**।—(১) সরকারকে অবহিত করিয়া চেয়ারম্যান, দাপ্তরিক বা ব্যক্তিগত প্রয়োজনে, নিজ কর্মস্থলের বাহিরে গমন বা অবস্থান করিতে পারিবেন।

(২) চেয়ারম্যানকে অবহিত করিয়া সদস্য ও মহিলা সদস্যগণ, দাপ্তরিক বা ব্যক্তিগত প্রয়োজনে, নিজ কর্মস্থলের বাহিরে গমন বা অবস্থান করিতে পারিবেন।

৪। **বহিঃ বাংলাদেশ ছুটি**।—(১) চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ নিম্নবর্ণিত কারণে বহিঃ বাংলাদেশ ছুটির আবেদন করিতে পারিবেন, যথাঃ—

(ক) নিজ বা পরিবারের সদস্যগণের চিকিৎসা;

(খ) বিদেশে অবস্থানরত পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনদের সাথে সাক্ষাৎ;

(গ) ধর্মীয় কারণ; অথবা

(ঘ) যুক্তিসংগত অন্য কোন ব্যক্তিগত কারণ।

(২) চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণের বহিঃ বাংলাদেশ ছুটি নিম্নবর্ণিত শর্তে মঞ্জুর করা যাইবে, যথাঃ—

(ক) ছুটির মেয়াদ বৎসরে ৬০ (ষাট) দিনের অধিক হইবে না;

(খ) বিশেষ কারণ ব্যতীত বৎসরে ৩ (তিন) বারের অধিক ছুটি ভোগ করা যাইবে না;

(গ) ছুটিকালীন সময়ে বিদেশ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ ব্যক্তিগতভাবে বহন করিবেন এবং উহাতে সরকার বা জেলা পরিষদের কোন আর্থিক সংশ্লেষ থাকিবে না।

(ঘ) ছুটিকালীন প্রাপ্য পারিশ্রমিক বৈদেশিক মুদ্রায় আহরণ করিতে পারিবেন না; এবং

(ঙ) অসুস্থতা বা যৌক্তিক কারণ ব্যতীত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইবে না।

(৩) চেয়ারম্যানের ক্ষেত্রে সরকার এবং সদস্য ও মহিলা সদস্যগণের ক্ষেত্রে, চেয়ারম্যানের সুপারিশক্রমে, বিভাগীয় কমিশনার বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করিবেন :

তবে শর্ত থাকে যে, সদস্য ও মহিলা সদস্যগণের ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ একাধারে ৩০ (ত্রিশ) দিনের অধিক হইলে, চেয়ারম্যানের সুপারিশক্রমে, সরকার উক্ত ছুটি মঞ্জুর করিবে।

৫। **অসাধারণ ছুটি**।—(১) সরকার, চেয়ারম্যানের, এবং চেয়ারম্যানের সুপারিশক্রমে, সদস্য ও মহিলা সদস্যগণের, অসাধারণ ছুটি মঞ্জুর করিবে।

(২) অসাধারণ ছুটিকালীন চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ পারিশ্রমিক প্রাপ্য হইবেন না।

৬। **ছুটির তথ্য সংরক্ষণ**।—পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা, চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণের ছুটির তথ্য সংরক্ষণ করিবেন।

৭। **সরকারি নির্দেশনা অনুসরণ**।—ছুটি ভোগের ক্ষেত্রে চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ আইন ও এই বিধিমালার সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা অনুসরণ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক
সচিব

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দের ব্যক্তিগত কারণে বিদেশ ভ্রমণের আবেদনপত্র

১। আবেদনকারীর নাম ঃ
২। পিতার নাম ঃ
৩। মাতার নাম ঃ
৪। স্বামী/স্ত্রীর নাম ঃ
৫। পদবী ও ঠিকানা ঃ
৬। ফোন নম্বর (অফিস ও মোবাইল) ঃ
৭। স্থায়ী ঠিকানা ঃ
৮। আবেদনকারীর পাসপোর্ট নম্বর ঃ
৯। পাসপোর্টের মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ
১০। গত এক বছরে বিদেশ ভ্রমণের বিবরণ ঃ
ক) দেশের নাম ঃ
খ) ভ্রমণ কাল ঃ
গ) ভ্রমণের উদ্দেশ্য ঃ
ঘ) ব্যক্তিগত অথবা অফিসিয়াল ঃ
১১। বর্তমান ভ্রমণের উদ্দেশ্য ও দেশের নাম ঃ
১২। চিকিৎসার জন্য ভ্রমণ করতে হলে চিকিৎসকের ব্যবস্থাপত্র ঃ
১৩। প্রস্তাবিত ভ্রমণের মেয়াদ (সুনির্দিষ্ট তারিখ উল্লেখ করতে হবে) ঃ
ক) পরিবারের অন্য কোন সদস্য সংগে যেতে চাইলে তার নাম ঃ
খ) বয়স ঃ
গ) আবেদনকারীর সাথে সম্পর্ক ঃ
ঘ) পাসপোর্ট নং ও মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ
১৪। প্রস্তাবিত ভ্রমনের খরচ কিভাবে মিটানো হবে ঃ
১৫। ভ্রমণ পথ ঃ
১৬। অন্য কোন প্রয়োজনীয় তথ্য(যদি থাকে)

আবেদনকারীর স্বাক্ষর
(সীল)